

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
পরিচালকের দপ্তর, সেমসু, কুর্মিটোলা, ঢাকা - ১২২৯


নিলাম বিজ্ঞপ্তি নং-সেমসু/ ১২/২০২০-২০২১

-ঃ নিলাম শর্তাবলী (রেডিও আইটেম)ঃ-

বিষয়ঃ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ব্যবহৃত/অব্যবহৃত পুরাতন বেতার যন্ত্র ও আনুসঙ্গিক (রেডিও আইটেম) মালামালগুলো dismantles করতঃ recycle/ re-used করার নিমিত্তে নিলাম বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

বিষয়েক্ত বেতার যন্ত্রাবলী ও আনুসঙ্গিক মালামালগুলো বর্তমানে সেমসুর ৫নং গোড়াউনে সংরক্ষিত আছে। বেতার যন্ত্রগুলো dismantles করতঃ recycle/ re-used করার নিমিত্তে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট হতে খোলা নিলাম ডাক আহ্বান করা হচ্ছে। উক্ত নিলামে অংশগ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাদি পালন করতে হবে। ২৯/০৯/২০২০ খ্রিঃ তারিখ স্থানীয় সময় দুপুর ১২.৩০ ঘটিকায় পরিচালকের দপ্তর, সেমসুর স্টোরে রাখিত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ব্যবহৃত/অব্যবহৃত বিভিন্ন প্রকার (রেডিও) মালামালগুলো উন্মুক্ত স্পট নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন নিলামকারীর নিকট হতে নিলাম ডাক আহ্বান করা হচ্ছে।

- ১। পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ উন্মুক্ত নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে।
- ২। নিলামে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানছাড়া অন্য কোন প্রতিষ্ঠান অংশগ্রহণ করতে পারবেনা।
- ৩। নিলামে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের মেয়াদ হালনাগাদ / নবায়ন করা থাকতে হবে।
- ৪। নিলামে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে নিলাম ডাকের পূর্বে উল্লিখিত যন্ত্রপাতি মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করার সুযোগ দেয়া হবে।
- ৫। মালামালগুলো লট হিসাবে দর ডাকতে হবে এবং ডাকের মাধ্যমে সর্বোচ্চ ডাককারী নির্বাচিত করা হবে।
- ৬। স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রতিষ্ঠান সমূহকে পরিচালক, সেমসু বরাবর ভ্যাট ও ট্রেড লাইসেন্স, হালনাগাদ পরিবেশ অধিদপ্তর ও বিটিআরসি এর ছাড়পত্র এর ফটোকপিসহ জামানত হিসেবে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা অগ্রিম নগদ সেমসুর হিসাব শাখায় জমা প্রদান করতে হবে। যা সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অকৃতকার্য ডাককারীর জামানত তাৎক্ষনিকভাবে ফেরত দেয়া হবে। সর্বোচ্চ ডাককারীর জামানতকৃত টাকা নিলাম ডাকে উদ্ধৃত দরের টাকার সাথে সমন্বয় করা হবে। সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ ডাককারীর উদ্ধৃত দরের সহিত ভ্যাট ৭.৫% ও অ্যাকর ৫% যোগ করে সমুদয় অর্থ পরিচালক, সেমসুর হিসাব শাখায় জমা প্রদান করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে উক্ত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে প্রদত্ত দরপত্র বাতিল বলিয়া গণ্য করা হবে এবং বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৭। মালামাল গ্রহণের জন্য নোটিশ জারীর ২(দুই) দিনের মধ্যে সর্বোচ্চ ডাককারীর ডাককৃত মূল্যের অবশিষ্ট টাকা পরিচালকের দপ্তর, সেমসুর হিসাব শাখায় জমা প্রদানপূর্বক নিজ দায়িত্বে এবং খরচে মালামাল বুঝে নিয়ে শহানান্তর করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে মালামাল বুঝে না নিলে মালামালের নিরাপত্তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। নিলাম ডাকের পর মালামালের পরিমাণ, কার্যকারিতা, গুণাগুণ এবং অবস্থান সম্পর্কে ডাককারীগণের কোন ওজর আপত্তি বা প্রতিবাদ গ্রহণযোগ্য হবে না।
- ৮। সরকারী বিধিবিধানের আলোকে মালামালগুলো ধবংস (destroy) / পুনঃচক্র(Re-cycle) প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ধবংস (destroy) / পুনঃচক্র(Re-cycle) প্রক্রিয়া সম্পন্ন করার পর সংশ্লিষ্ট নিলাম ডাককারী প্রতিষ্ঠান একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরিচালক, সেমসুর নিকট দাখিল করবে।
- ৯। ধবংসযোগ্য বেতার যন্ত্রাবলী সমূহ পুনঃচক্রকারী / ধবংস করার লক্ষ্যে হস্তান্তর পরবর্তী পরিবহন খরচ পুনঃচক্রকারী প্রতিষ্ঠান বহন করবে এবং destroy করার পূর্ব পর্যন্ত উক্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামালের নিরাপত্তার বিধান করবে। উপরোক্ত শর্তাবলীর যে কোন একটি শর্ত ভঙ্গ করলে উক্ত প্রতিষ্ঠান নিলাম ডাকের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। সিএএবি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন ডাককারীর ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ মহসীন)

(উপ-সচিব)

পরিচালক, সেমসু

সিএএবি, কুর্মিটোলা, ঢাকা

ফোন নং- ০২-৮৯০১৭৯১

email: dcemsu@caab.gov.bd